

বাংলাদেশ শিশু একাডেমি

দিনাজপুর জেলা শাখা।

মেমো নম্বর : ৩২.০৩.২৭০০.০০১.২৩.০০৩.২৫-১৩(১০০)

তারিখ : ১৪ ফেব্রুয়ারি ২০২৫

বিষয় : “মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস” ২০২৫ উদযাপন প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সনিয়ে জানাচ্ছি যে, মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৫ উদযাপন উপলক্ষে জেলা প্রশাসন, দিনাজপুর এবং বাংলাদেশ শিশু একাডেমি, দিনাজপুর জেলা শাখার উদ্যোগে আগামী ২০ ফেব্রুয়ারি ২০২৫ বৃহস্পতিবার শিশুদের চিত্রাংকন প্রতিযোগিতা, সুন্দর হাতের লেখা ও কবিতা আবৃত্তি প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।

উক্ত কর্মসূচিতে আপনার প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রীদের অংশগ্রহণ এবং আপনার সার্বিক সহযোগিতা কামনা করছি।


তারিখ ও সময়	কর্মসূচি সমূহ	স্থান
২০ ফেব্রুয়ারি ২০২৫ বৃহস্পতিবার দুপুর ১০.৩০ ঘটিকায়	চিত্রাংকন প্রতিযোগিতা ক-বিভাগ-শিশু শ্রেণি থেকে দ্বিতীয় শ্রেণি বিষয় : শহিদ মিনার খ-বিভাগ-তৃতীয় শ্রেণি থেকে ষষ্ঠ শ্রেণি গ-বিভাগ-সপ্তম শ্রেণি থেকে দশম শ্রেণি বিষয় : অমর একুশে ছবি অংকন ঘ-বিভাগ বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের চিত্রাংকন প্রতিযোগিতা বিষয় : ইচ্ছেমতো	বাংলাদেশ শিশু একাডেমি দিনাজপুর জেলা শাখা
২০ ফেব্রুয়ারি ২০২৫ বৃহস্পতিবার দুপুর ১১.৩০ ঘটিকায়	কবিতা আবৃত্তি প্রতিযোগিতা ক-বিভাগ-শিশু শ্রেণি থেকে দ্বিতীয় শ্রেণি কবিতা: সবার কাছে প্রিয়- আলমগীর কবির গ-বিভাগ- তৃতীয় শ্রেণি থেকে ষষ্ঠ শ্রেণি কবিতা: বর্ণমালা – ওমর ফারুক নাজমুল গ-বিভাগ- সপ্তম শ্রেণি থেকে দশম শ্রেণি কবিতা: ভাষার মিছিল – আবেদীন জনী কবিতার কপি বাংলাদেশ শিশু একাডেমি, দিনাজপুর কার্যালয়ে পাওয়া যাবে।	বাংলাদেশ শিশু একাডেমি দিনাজপুর জেলা শাখা
২০ ফেব্রুয়ারি ২০২৫ বৃহস্পতিবার দুপুর ১১.৩০ ঘটিকায়	সুন্দর হাতের লেখা প্রতিযোগিতা ক-বিভাগ-শিশু শ্রেণি থেকে দ্বিতীয় শ্রেণি খ-বিভাগ-তৃতীয় শ্রেণি থেকে পঞ্চম শ্রেণি	বাংলাদেশ শিশু একাডেমি দিনাজপুর জেলা শাখা
২১ ফেব্রুয়ারি ২০২৫ শুক্রবার সকাল ৭.০০ ঘটিকায়	প্রভাত ফেরী কর্মকর্তা, কর্মচারী, প্রশিক্ষকবৃন্দ ও শিশুদের নিয়ে	শিশু একাডেমি থেকে কেন্দ্রীয় শহিদ মিনার প্রাংগন
২১ ফেব্রুয়ারি ২০২৫ শুক্রবার সন্ধ্যা ৭.০০ ঘটিকায়	আলোচনা সভা, পুরস্কার বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান	কেন্দ্রীয় শহিদ মিনার প্রাংগন দিনাজপুর।

প্রাপক

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সাধারণ সম্পাদক



দিনাজপুর।



১৪/০২/২০২৫

মো:আকতারুজ্জামান

জেলা শিশু বিষয়ক কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

বাংলাদেশ শিশু একাডেমি

দিনাজপুর জেলা শাখা

অনুলিপি-সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

- ১। জেলা প্রশাসক ও সভাপতি, বাংলাদেশ শিশু একাডেমি, দিনাজপুর।
- ২। পুলিশ সুপার, দিনাজপুর।
- ৩। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), দিনাজপুর।
- ৪। অতিরিক্ত জেলা প্রশাসক (আইসিটি) ও সহ-সভাপতি, বাংলাদেশ শিশু একাডেমি, দিনাজপুর।
- ৫। জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর। শিক্ষা প্রতিষ্ঠানে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ৬। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, দিনাজপুর। শিক্ষা প্রতিষ্ঠানে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ৭। সিনিয়র তথ্য অফিসার, দিনাজপুর।
- ৮। অফিস নথি।

সবার কাছে প্রিয়
আলমগীর কবির

ফুলবাগানে খবর তোমরা নিও
সেই ভাষাটি ফুলের কাছেও প্রিয়।

নীল আকাশে খবর তোমরা নিও
সেই ভাষাটি পাখির কাছেও প্রিয়।

বুকে বুকে ছড়ায় আলো
আশা ভালোবাসা,
সবার কাছে প্রিয় আমার
মায়ের মুখের ভাষা।

বর্ণমালা

ওমর ফারুক নাজমুল

বাবা দেখান শহিদ মিনার
প্রভাতফেরির গান
ভোর কুয়াশায় খালি পায়ে
মনে দুখের বান।

রফিক, সালাম শহিদ হলো
মায়ের ভাষার জন্য
ইতিহাসের পাতায় পাতায়
ধন্য তাঁরা ধন্য।

নতুন করে স্বপ্ন দেখায়
মায়ের শেখা বুলি
ভাষার জন্য ভাই হারামাম
কেমন করে ভুলি।

ভাষার মিছিল
আবেদীন জনী

কল্পলোকের গল্প তো নয়, সেই কাহিনি সত্য
মায়ের ভাষা কেড়ে নিতে দেশে এল দস্যু।
দতিগুলোর বাভস্য চোখ, স্বপ্নখেকো দাঁত
কেউবা ওদের কয় শ্রায়েনা, রক্তচোমার জাত।

তখন ছিল বায়ান্ন সাল, ফেব্রুয়ারি মাস
ওরা নাকি অ আ ক খ করবে সবই গ্রাস।
এমন খবর ভাসল হাওয়ায়, উঠল সবাই রেগে
বাংলা মায়ের বীর ছেলেরা উঠল সবাই জেগে।

বাংলা ভাষা মায়ের ভাষা, সবার স্বপ্ন-আশা
প্রাণ দেব তো মান দেব না, দেব না এই ভাষা
এই শপথে বীর ছেলেরা যেই হলো একমত
ফেব্রুয়ারির একুশ তারিখ কাঁপাল রাজপথ।

ছুটল তুমুল ভাষার মিছিল, উড়ল পথের ধূলি
সেই মিছিলে কসাই পুলিশ ছুড়ল হঠাৎ গুলি।
সালাম রফিক বরকতেরা মাকে ভালোবেসে
মায়ের ভাষার মান বাঁচাতে জীবন দিল হেসে